সংবাদ

তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ৭ ..৬.. কলাম ..৬..

# ‘সাধারণ শিক্ষা ব্যবস্থা জঙ্গিবাদ দ্বারা আক্রান্ত’

নিজস্ব বার্তা পরিবেশক

উন্মুক্ত বাজার অর্থনীতি মানুষের মধ্যে অবাধ প্রতিযোগিতার কারণে বিচ্ছিন্নতা তৈরি করছে। এই বিচ্ছিন্নতার সংকট থেকে মুক্তির জন্য সকলের সমন্বয়ে শিক্ষা আন্দোলনের মাধ্যমে একমুখী বিজ্ঞানভিত্তিক গণমুখী সার্বজনীন শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হবে। গতকাল রাজধানীর পল্টনস্থ মুক্তিভবনে ‘উদার নীতিবাদ ও মৌলবাদের কবলে শিক্ষা : প্রেক্ষাপট বাংলাদেশ’ শীর্ষক মতবিনিময় সভায় এই অভিমত প্রকাশ করেন বক্তারা।

৬২’র মহান শিক্ষা আন্দোলনের ৫৪ বছর পূর্তি উপলক্ষে মতবিনিময় সভা আয়োজন করে ‘শিক্ষা বাঁচাও আন্দেলন’ নামক সংগঠন। সভায় বক্তব্য রাখেন শিক্ষা আন্দোলনের অন্যতম নেতা ও সিপিবি প্রেসিডিয়াম সদস্য হায়দার আকবর খান রনো, উদীচী সভাপতি কামাল লোহানী, অধ্যাপক সফিউদ্দিন আহমেদ, অধ্যাপক ড. আজিজুর রহমান, অধ্যাপক এএন রাশেদা, ড. আলী আজগর খান, ঢাবি শিক্ষক তানজীম উদ্দীন খান, রাখাল রাহা, লেখক সংগঠক সাখাওয়াত টিপুসহ অন্যান্য নেতারা। সভায় ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক জিএম জিলানী শুভ’র সঞ্চালনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অভিনু কিবরিয়া ইসলাম।

বক্তারা বলেন, বিচ্ছিন্নতা তৈরিতে শিক্ষাকেই মাধ্যম হিসেবে ব্যবহার করছে শাসকগোষ্ঠী। যার ফলে শুধুমাত্র সাম্প্রদায়িক শিক্ষা ব্যবস্থায় নয়, সাধারণ শিক্ষা ব্যবস্থা ও জঙ্গিবাদ দ্বারা আক্রান্ত হচ্ছে। এজন্য শিক্ষা বাঁচানোর আন্দোলন আজ দেশ বাঁচানোর আন্দোলনের সঙ্গে যুক্ত। তাই ৬২’র মহান শিক্ষা আন্দোলনের চেতনাকে সামনে রেখে সমাজের সকল স্তরের বাঙালি-আদিবাসী, ধর্ম-বর্ণ, লিঙ্গ নির্বিশেষে শ্রমিক-কৃষক মেহনতি মানুষের সমন্বয়ে শিক্ষা আন্দোলনের মাধ্যমে একমুখী বিজ্ঞানভিত্তিক গণমুখী সার্বজনীন শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার মধ্যে দিয়েই একমাত্র এই বিচ্ছিন্নতার সংকট থেকে মুক্তি সম্ভব।